

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৯৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২৮. সালাতের জন্য ক্ষতিকর দিক

باب مَا جَاءَ فِي نُقْصَانِ الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، عَنْ بَكْرٍ، _ يَعْنِي ابْنَ مُضَرَ _ عَنِ ابْنِ عَجْلَانَ، عَنْ سَعِيدٍ الْمُقْبُرِيِّ، عَنْ عُمْرَ بْنِ الْحَكَمِ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عَنَمَةَ الْمُزَنِيِّ، عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ، قَالَ سَمِعْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِنَّ الرَّجُلَ لَيَنْصَرِفُ وَمَا كُتِبَ لَهُ إِلَّا عُشْرُ صَلَاتِهِ تُسْعُهَا ثُمُنُهَا سُبُعُهَا شُدُسُهَا خُمُسُهَا رُبُعُهَا ثُلُتُهَا نِصَنْفُهَا ".

_ حسن

বাংলা

৭৯৬। 'আম্মার ইবনু ইয়াসির (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ এমন লোকও আছে (যারা সালাত আদায় করা সত্ত্বেও সালাতের রুকন ও শর্তগুলো সঠিকভাবে আদায় না করায় এবং সালাতে পরিপূর্ণ একাগ্রতা ও খুশুখুযু না থাকায় তারা সালাতের পরিপূর্ণ সাওয়াব পায় না)। বরং তারা দশ ভাগের এক ভাগ, নয় ভাগের এক ভাগ, আট ভাগের এক ভাগ, সাত ভাগের এক ভাগ, ছয় ভাগের এক ভাগ, পাঁচ ভাগের এক ভাগ, চার ভাগের এক ভাগ, তিন ভাগের একভাগ বা অর্ধাংশ সাওয়াব প্রাপ্ত হয়। [1]

হাসান।

English

'Ammar b. Yasir said:

I heard the apostle of Allah (ﷺ) say: A man returns after saying his prayer while a tenth part of his prayer, or a ninth part, or an eight part, or a seventh part, or a sixth part, or a fifth part, or a third part, or half of it, is recorded for



him.

ফুটনোট

[1] আহমাদ (৪/৩২১) ইবনু 'ইমরান সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন